স্ত্রী-মেয়ে ও স্বজনদের নগ্ন ভিডিও ধারণ, পর্ন সাইটে বিক্রি করতেন গিয়াস



গিয়াস উদ্দিন। ছবি: সংগৃহীত

নরসিংদীর পলাশে স্ত্রী, মেয়ে, শ্যালিকা ও ভাগ্নির নগ্ন ও আপত্তিকর ভিডিও তৈরি করে আন্তর্জাতিক পর্নোগ্রাফি সাইটে বিক্রির অভিযোগে গিয়াস উদ্দিন (৪০) নামে এক ব্যক্তিকে আটক করেছে পুলিশ।

শুক্রবার (৬ নভেম্বর) সন্ধ্যায় উপজেলার ঘোড়াশাল পৌরসভার পাইকসা এলাকার একটি ভাড়া বাসায় অভিযান চালিয়ে তাঁকে আটক করা হয়। গিয়াস উদ্দিন গাজীপুরের কালীগঞ্জ থানার ঘোনপাড়া এলাকার বাবুল মিয়ার ছেলে।

গোয়েন্দা ও পুলিশ সূত্রে জানা গেছে, দীর্ঘদিন ধরে নরসিংদীর মাধবদী এলাকায় পরিবারের সদস্যদের নিয়ে ভাড়া বাসায় থাকতেন গিয়াস। ওই বাসায় অবস্থানের সুযোগে পরিবারের নারীদের নগ্ন ও আপত্তিকর ভিডিও তৈরি করে অর্থের বিনিময়ে বিভিন্ন আন্তর্জাতিক পর্নোগ্রাফি সাইটে বিক্রি করতেন বলে অভিযোগ রয়েছে। তাঁর ব্যাংক হিসাবেও বড় অঙ্কের সন্দেহজনক লেনদেনের তথ্য পেয়েছেন গোয়েন্দারা।

সম্প্রতি নজরদারি এড়াতে মাধবদী ছেড়ে পলাশের পাইকসা এলাকায় একটি নতুন ভবনে ভাড়াটিয়া হিসেবে ওঠেন তিনি। জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থার (এনএসআই) দেওয়া তথ্যের ভিত্তিতে তাঁর চলাচলের ওপর নজরদারি করা হয়। পরে পলাশ থানা-পুলিশ অভিযান চালিয়ে তাঁকে আটক করে।

পলাশ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শাহেদ আল মামুন আটকের বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি জানান, অভিযানের সময় ওই বাসা থেকে পর্নোগ্রাফি তৈরির কাজে ব্যবহৃত বিভিন্ন সরঞ্জাম ও আলামত উদ্ধার করা হয়েছে। এ ঘটনায় অন্য কেউ জড়িত কি না, তা খতিয়ে দেখা হচ্ছে। আটক ব্যক্তির বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়ার প্রক্রিয়া চলছে।